গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা ২২৫/২০১৮-২০১৯
ঢাকা, সোমবার ২৭ মে ২০১৯, ১৩ জ্যৈষ্ঠ ১৪২৬

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। যুক্তরাজ্য ও জার্মানিতে স্বাস্থ্য পরীক্ষা শেষে দেশে ফিরেছেন রাষ্ট্রপতি
২। প্রধানমন্ত্রীর তিন দেশ সফর শুরু আগামীকাল
৩। নারী-পুরুষের সুষম উন্নয়নে কাজ করছে সরকার : প্রধানমন্ত্রী
৪। আগামীতেও বাংলাদেশের জাতীয় বাজেট বৃদ্ধি পাবে : অর্থ বিভাগ-এনবিআর কর্মকর্তাদের সঙ্গে ইফতারে প্রধানমন্ত্রী
৫। ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির শপথে দেশের প্রতিনিধিত্ব করবেন মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী
৬। সড়কপথে ঈদযাত্রা স্বস্তিদায়ক হবে : সেতুমন্ত্রী
৭। দল বা প্রশাসনের কেউই আইনের উর্ধ্বে নন : স্বরাষ্ট্রমন্ত্রী
৮। খালেদা জিয়াকে সর্বোত্তম চিকিৎসা দেওয়া হচ্ছে : তথ্যমন্ত্রী
৯। খাতভিত্তিক উৎপাদনশীলতা বাড়াতে গবেষণা সেল ও কমিটি গঠন : শিল্পমন্ত্রী
১০। বাংলাদেশ এখন খাদ্য উদ্বৃত্তের দেশ : খাদ্যমন্ত্রী
১১। বিশ্বে গুরুত্বপূর্ণ হয়ে উঠছে বাংলাদেশ : বাণিজ্যমন্ত্রী
১২। মালয়েশিয়ায় কর্মী যাবে দেড় লাখ টাকায় : প্রবাসী কল্যাণ প্রতিমন্ত্রী
১৩। বৈশ্বিক তাপমাত্রা কমানোর ব্যাপারে উন্নত দেশগুলোকে চাপ দিতে হবে : গ্রিনল্যান্ডে তথ্য প্রযুক্তি প্রতিমন্ত্রী
১৪। ঈদে নগরবাসীর নিরাপত্তায় প্রস্তুত পুলিশ : ডিএমপি কমিশনার

চলমান পাতা-২

**১।	যুক্তরাজ্য ও জার্মানিতে স্বাস্থ্য পরীক্ষা শেষে দেশে ফিরেছেন রাষ্ট্রপতি**

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ যুক্তরাজ্য ও জার্মানিতে স্বাস্থ্য পরীক্ষা ও চোখের চিকিৎসা শেষে গতকাল (২৬ মে রোববার) দেশে ফিরেছেন। রাষ্ট্রপতি ও তাঁর সফরসঙ্গীদের নিয়ে বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের একটি ভিভিআইপি ফ্লাইট (বিজি২০২) গতকাল হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করে। সূত্র **: সমকাল** (পৃ.৪,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.২,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.৬), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.৫)।

**২।	প্রধানমন্ত্রীর তিন দেশ সফর শুরু আগামীকাল**

জাপান, সৌদি আরব ও ফিনল্যান্ড সফরের উদ্দেশ্যে আগামীকাল ২৮ মে মঙ্গলবার ঢাকা ত্যাগ করবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। জাপানে দ্বিপাক্ষিক সফর ও সৌদি আরবে ইসলামী সম্মেলন সংস্থা-ওআইসির শীর্ষ সম্মেলনে যোগ দেবেন প্রধানমন্ত্রী। ফিনল্যান্ড সফরকালে দেশটির প্রেসিডেন্টের সঙ্গে দ্বিপাক্ষিক আলোচনা হবে প্রধানমন্ত্রীর। তিন দেশ সফর শেষে তিনি আগামী ৮ জুন দেশে ফিরবেন।

পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আবদুল মোমেন গতকাল (২৬ মে রোববার) এক সাংবাদিক সম্মেলনে প্রধানমন্ত্রীর আসন্ন তিন দেশ সফর সম্পর্কে অবহিত করেন। পররাষ্ট্রমন্ত্রী জানান, আগামী ২৮ থেকে ৩০ মে জাপান সফরকালে প্রধানমন্ত্রী জাপানের প্রধানমন্ত্রী শিনজো আবের সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠক করবেন। প্রধানমন্ত্রীর জাপান সফরকালে দুই দেশের মধ্যে আড়াই বিলিয়ন ডলার সমমূল্যের পাঁচটি আর্থিক সহায়তা চুক্তি (৪০তম ওডিএ) স্বাক্ষর হবে যা গতবছরের ওডিএ সহায়তার তুলনায় ৩৫ শতাংশ বেশি।

জাপান সফর শেষে প্রধানমন্ত্রী শেখ হাসিনা আগামী ৩১ মে সৌদি আরব যাবেন। এদিন পবিত্র মক্কা নগরীতে ওআইসির চতুর্দশ শীর্ষ সম্মেলনে যোগ দেবেন তিনি। ওআইসি সম্মেলনে একমাত্র নারী সরকার প্রধান হিসেবে প্রধানমন্ত্রী শেখ হাসিনা যোগ দেবেন।

প্রধানমন্ত্রী আগামী ৩ জুন জেদ্দা থেকে ফিনল্যান্ড রওনা হবেন। দেশটির রাজধানী হেলসিংকি একই দিন দুপুরে পৌঁছবেন। পরদিন ফিনল্যান্ডের প্রেসিডেন্টের সঙ্গে তাঁর বাসভবনে সাক্ষাৎ করবেন। আগামী ৭ জুন সন্ধ্যায় ঢাকার উদ্দেশ্যে রওনা হবেন।

আগামী ৮ জুন ঢাকা ফেরার পথে নয়াদিল্লিতে যাত্রাবিরতি করবেন। যাত্রা বিরতিকালে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সঙ্গে সাক্ষাৎ করবেন। এ যাত্রা বিরতিকে দুই প্রধানমন্ত্রীর ‘গুড উইল এক্সচেঞ্জ’ বলে অভিহিত করা হয়েছে। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১৯,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.২), **নিউজ টুডে** (পৃ.১,ক.১)।

**৩।	নারী-পুরুষের সুষম উন্নয়নে কাজ করছে সরকার : প্রধানমন্ত্রী**

জয়িতা ফাউন্ডেশনকে বিশেষায়িত প্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতি আহ্বান জানিয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, তাঁর সরকার নারী-পুরুষের সুষম উন্নয়নের লক্ষ্যে কাজ করছে। তিনি বহুমুখী ব্যবসা উদ্যোগের জন্য নারীদের সমান ও দক্ষ করে গড়ে তোলার আহ্বান জানান। গতকাল (২৬ মে রোববার) গণভবনে জয়িতা ফাউন্ডেশনের বোর্ড অভ্ গভর্নরস এর বিশেষ সভায় প্রধানমন্ত্রী এসব কথা বলেন। তিনি আরো বলেন, এ ফাউন্ডেশনের সক্ষমতা বৃদ্ধির পাশাপাশি এর আওতায় কর্মরত তৃণমূল পর্যায়ে যেসব উদ্যোক্তা রয়েছেন তাদের কর্মদক্ষতা বৃদ্ধি করে প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি করতে হবে। সূত্র **: ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৩), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.৭), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.৬)।

**৪ ।	আগামীতেও বাংলাদেশের জাতীয় বাজেট বৃদ্ধি পাবে :**
অর্থ বিভাগ-এনবিআর কর্মকর্তাদের সঙ্গে ইফতারে প্রধানমন্ত্রী

অর্থ বিভাগ ও জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) কর্মকর্তাদের সঙ্গে ইফতার করলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গতকাল (২৬ মে রোববার) গণভবনে এ ইফতারের আয়োজন করা হয়। এ সময় প্রধানমন্ত্রী আগত অতিথিদের সঙ্গে কুশল বিনিময় করেন এবং তাদের খোঁজখবর নেন। সংক্ষিপ্ত বক্তব্যে প্রধানমন্ত্রী দেশের জাতীয় বাজেট তৈরিতে দায়িত্বরত কর্মকর্তাদের আন্তরিক ধন্যবাদ জানান। প্রতিবছরই বাংলাদেশের জাতীয় বাজেট বৃদ্ধি পাচ্ছে উল্লেখ করে আগামীতেও এ বাজেট বাড়বে বলে আশাবাদ প্রকাশ করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র **: জনকণ্ঠ** (শেষ পৃ.ক.৫), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.৩), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.৬), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.৫)।

৫। ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির শপথে দেশের প্রতিনিধিত্ব করবেন মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী

ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির দ্বিতীয় মেয়াদে সরকারের শপথ গ্রহণ অনুষ্ঠানে বাংলাদেশ সরকারের প্রতিনিধিত্ব করবেন মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী আ ক ম মোজাম্মেল হক। গতকাল (২৬ মে রোববার) পররাষ্ট্র মন্ত্রণালয়ে প্রধানমন্ত্রীর বিদেশ সফর নিয়ে আয়োজিত এক সংবাদসম্মেলনে পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন এ তথ্য জানান। আগামী ৩০ মে নরেন্দ্র মোদি সরকারের নতুন মন্ত্রিসভার শপথগ্রহণ অনুষ্ঠান হবে দিল্লিতে। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.১), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.৮), **অবজারভার** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.২)।

৬। সড়কপথে ঈদযাত্রা স্বস্তিদায়ক হবে : সেতুমন্ত্রী

ঈদযাত্রা আরামদায়ক এবং স্বস্তিদায়ক করতে নানামুখী পরিকল্পনা নেওয়া হয়েছে বলে জানিয়েছেন সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। তিনি বলেন, সড়কপথে স্বস্তিদায়ক যাত্রার নিশ্চয়তা দিতে পারব এমন একটা অবস্থানে আমরা পৌঁছেছি। ঈদের আগেই ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের দ্বিতীয় মেঘনা ও গোমতী সেতু খুলে দেওয়া হয়েছে। এখন ঢাকা থেকে চার ঘণ্টায় চট্টগ্রাম পৌঁছে যাওয়া যাবে বলেই আশা করছি। এছাড়া ঈদ সার্ভিসে বিআরটিসির **১** হাজার **১৪২**টি বাস নামানো হবে। এর মধ্যে **২৫৩**টি নতুন বাস এ সার্ভিসে যুক্ত থাকবে। গতকাল (২৬ মে রোববার) রাজধানীর মতিঝিলে সড়ক ভবনে বিআরটিসির ঈদ স্পেশাল সার্ভিস নিয়ে এক পর্যালোচনাসভায় তিনি এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.১), **ইত্তেফাক** (শেষ পৃ,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.৬), **ডেইলি সান** (শেষ পৃ,ক.৮)।

৭। দল বা প্রশাসনের কেউই আইনের উর্ধ্বে নন : স্বরাষ্ট্রমন্ত্রী

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান বলেছেন, মাদ্রাসাছাত্রী নুসরাত হত্যা মামলায় ফেনীর ওসির বিরুদ্ধে আইসিটি আইনে নতুন করে ব্যবস্থা নিয়েছে পুলিশ ব্যুরো অভ্ ইনভেস্টিগেশন (পিবিআই)। আইন যারা অমান্য করবে, সে যেই হোক শাস্তি তাদের হবেই। সরকারি দলের কিংবা প্রশাসনের লোক কেউই আইনের উর্ধ্বে নন। গতকাল (২৬ মে রোববার) ধানমণ্ডির একটি সম্মেলনকেন্দ্রে ঢাকা মহানগর উত্তর আওয়ামী লীগ আয়োজিত ইফতার ও দোয়া মাহফিলে স্বরাষ্ট্রমন্ত্রী এসব কথা বলেন। দেশের উন্নয়ন প্রসঙ্গে তিনি আরো বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার বিকল্প আর কেউ নেই জনমনে এ বিশ্বাস স্থাপিত হয়েছে। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.১), **ইত্তেফাক** (পৃ.১৯.ক.৪)।

৮। খালেদা জিয়াকে সর্বোত্তম চিকিৎসা দেওয়া হচ্ছে : তথ্যমন্ত্রী

বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়াকে দেশের সর্বোত্তম চিকিৎসা দেওয়া হচ্ছে বলে জানিয়েছেন। তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্মুদ। সেজন্য খালেদা জিয়ার স্বাস্থ্য নিয়ে অপরাজনীতি না করতে বিএনপি নেতাদের প্রতি আহ্বান জানিয়েছেন তিনি। গতকাল (২৬ মে রোববার) সচিবালয়ে তাঁর কার্যালয়ে বাংলাদেশ সংবাদপত্র পরিষদের সঙ্গে বৈঠকে তিনি এসব কথা বলেন। সূত্র **: যুগান্তর** (পৃ.৩,ক.৪), **সংবাদ** (শেষ পৃ,ক.৫), **নিউ এজ** (শেষ পৃ,ক.৪), **নিউজ টুডে** (পৃ.১,ক.১)।

৯। খাতভিত্তিক উৎপাদনশীলতা বাড়াতে গবেষণা সেল ও কমিটি গঠন : শিল্পমন্ত্রী

কৃষি যান্ত্রিকীকরণের মাধ্যমে উৎপাদনশীলতা বাড়াতে প্রয়োজনীয় প্রশিক্ষণ দেবে ন্যাশনাল প্রোডাক্টিভিটি অর্গানাইজেশন (এনপিও)। এ প্রশিক্ষণে প্রযুক্তি ব্যবহারের ওপর জোর দেয়া হবে। এতে পরিকল্পিত পণ্য বৈচিত্র্যকরণেও সুযোগ তৈরি হবে। গতকাল (২৬ মে রোববার) শিল্প মন্ত্রণালয়ে জাতীয় উৎপাদনশীলতা পরিষদের (এনপিসি) সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়। দেশের শিল্প ও সেবাসহ বিভিন্ন খাতে উৎপাদনশীলতা বৃদ্ধির লক্ষ্যে জাতীয় পর্যায়ে কর্মকৌশল নির্ধারণের জন্য এ সভার আয়োজন করা হয়। সভাপতির বক্তব্যে শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ুন বলেন, বিশ্ববাজারের প্রতিযোগিতায় টিকে থাকলে হলে খাতভিত্তিক উৎপাদনশীলতা বাড়াতে হবে। এ লক্ষ্যে খাতভিত্তিক গবেষণা সেল ও আলাদা কমিটি গঠন করতে হবে। এ কমিটি উৎপাদনশীলতা বৃদ্ধির পাশাপাশি শিল্পপণ্য বৈচিত্র্যকরণ ও শিল্প দক্ষতা বাড়ানোর কর্মসূচি গ্রহণ করবে। সূত্র-**সমকাল** (পৃ.১২,ক.৫), **সংবাদ** (পৃ.১৪,ক.৬) **নিউ নেশন** বিজনেস পাতা (পৃ.১,ক.১)।

১০ । **বাংলাদেশ এখন খাদ্য উদ্বৃত্তের দেশ : খাদ্যমন্ত্রী**

বাংলাদেশ এখন খাদ্য উদ্বৃত্তের দেশ। প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশের মানুষের ঘরে ঘরে উন্নয়নের সুফল পৌঁছে দিয়েছেন। তাঁর সুযোগ্য নেতৃত্বে দেশের অর্থনৈতিক ও সামাজিক অগ্রগতি দ্রুত গতিতে এগিয়ে চলছে বলে জানান খাদ্যমন্ত্রী সাধন চন্দ্র মজুমদার। এ সময় তিনি আরও বলেন, বাংলাদেশ আজ উন্নয়নের মহাসড়কে। উন্নয়নের রোল মডেল হিসেবে বিশ্বের কাছে বাংলাদেশ একটি উদাহারণ। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সুদূরপ্রসারী পরিকল্পনায়, অচিরেই উন্নত দেশের কাতারে দাঁড়াবে বাংলাদেশ। গতকাল (২৬ মে রোববার) জাতীয় প্রেসক্লাবে বিশ্ব শান্তি ও মানবাধিকার সংঘ বাংলাদেশ আয়োজিত এক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র : **জনকণ্ঠ** (পৃ.৩,ক.৪), **সমকাল** (পৃ.৩,ক.১), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.৬) **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১৫,ক.৩)।

১১। **বিশ্বে গুরুত্বপূর্ণ হয়ে উঠছে বাংলাদেশ : বাণিজ্যমন্ত্রী**

বিশ্বের দরবারে বাংলাদেশ গুরুত্বপূর্ণ হয়ে উঠছে বলে জানিয়েছেন বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি। তিনি বলেছেন, অর্থনীতিতে আমরা একটা নতুন মাত্রায় পৌঁছেছি। সম্প্রতি আমি বিশ্ব বাণিজ্য সংস্থার (ডব্লিউটিও) প্রোগ্রামে গিয়েছিলাম। সেখানে বিশ্ব আমাদের বেশ গুরুত্ব দিচ্ছে। গতকাল (২৬ মে রোববার) ইআরএফের কার্যালয়ে ‘বাণিজ্য ও বিশ্ব বাণিজ্য সংস্থা’ বিষয়ক কর্মশালার উদ্বোধনকালে তিনি এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.১৪,ক.১), **সমকাল** (পৃ.১২,ক.৮), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.২) **ফিনানশিয়াল এক্সপ্রেস** (শেষ পৃ,ক.১)।

১২। **মালয়েশিয়ায় কর্মী যাবে দেড় লাখ টাকায় : প্রবাসী কল্যাণ প্রতিমন্ত্রী**

প্রবাসী কল্যাণ প্রতিমন্ত্রী ইমরান আহমেদ বলেছেন, বাংলাদেশি কর্মীদের জন্য মালয়েশিয়ার শ্রমবাজার শীঘ্রই খুলতে পারে। আগামী ৩০ ও ৩১ মে মালয়েশিয়ায় দুই দেশের জয়েন্ট ওয়ার্কিং গ্রুপের বৈঠক থেকে এ সুখবর আসতে পারে বলে আশা করছেন প্রতিমন্ত্রী। তিনি বলেন, এখন দেড় লাখ টাকার মধ্যে মালয়েশিয়ায় কর্মী পাঠাতে কাজ করছে তাঁর মন্ত্রণালয়। গতকাল (২৬ মে রোববার) সাংবাদিকদের সঙ্গে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় আয়োজিত মতবিনিময় সভায় এসব কথা বলেন প্রতিমন্ত্রী। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.৬), **যুগান্তর** (পৃ.১৭,ক.১), **অবজারভার** (শেষ পৃ,ক.৭), **নিউ নেশন (শেষ** পৃ,ক.২)।

১৩। **বৈশ্বিক তাপমাত্রা কমানোর ব্যাপারে উন্নত দেশগুলোকে চাপ দিতে হবে : গ্রিনল্যান্ডে তথ্য প্রযুক্তি প্রতিমন্ত্রী**

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক বলেছেন, পৃথিবীর বৃহত্তম দ্বীপ গ্রিনল্যান্ডে ধারণার চেয়েও দ্রুতগতিতে বরফ গলছে। এটি অব্যাহত থাকলে জলবায়ু পরিবর্তনের ক্ষতিকর প্রভাব বাংলাদেশের মতো উন্নয়নশীল দেশগুলোর ওপর পড়বে। তিনি বলেন, বাংলাদেশ ভৌগোলিক অবস্থার কারণে সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হতে পারে। যদিও এ তাপমাত্রা বৃদ্ধির জন্য বাংলাদেশ দায়ী নয়, তবুও জলবায়ু পরিস্থিতির কারণে ভুক্তভোগী হবে। গতকাল (২৬ মে রোববার) গ্রিনল্যান্ডের ইলুলিসাত শহরে অনুষ্ঠিত ওয়াইজিএল ইম্প্যাক্ট এক্সপিডেশন কর্মসূচির অংশ হিসেবে হেলিকপ্টারে করে পথিবীর বৃহত্তম দ্বীপ গ্রিনল্যান্ডের বিভিন্ন জায়গা পরিদর্শনকালে তিনি এসব কথা বলেন। তিনি আরো বলেন, উন্নত দেশগুলোকে চাপ প্রয়োগ করতে হবে যেন তারা বৈশ্বিক তাপমাত্রা কমানোর ব্যাপারে দ্রুত উদ্যোগ নেয়। সূত্র-**সংবাদ** (পৃ.২,ক.৬)।

১৪। **ঈদে নগরবাসীর নিরাপত্তায় প্রস্তুত পুলিশ : ডিএমপি কমিশনার**

ঢাকা মহানগর পুলিশ কমিশনার আছাদুজ্জামান মিয়া বলেছেন, আমরা আপনাদের পাশে আছি, আপনারা নির্বিঘ্নে ঈদ উদ্‌যাপন করুন, উৎসব করুন। যে কোনো অপরাধ প্রতিরোধ করতে ঢাকা শহরের বিভিন্ন জায়গায় পোশাকে ও সাদা পোশাকে পুলিশ নজরদারি রাখছে। ঢাকা মহানগরীতে কোনো ছিনতাই, ডাকাতি, রাহাজানি, অজ্ঞান পার্টি থাকতে পারবে না, যদি কেউ চেষ্টা করে আপনাদের সহায়তায় তাদের কঠোর হাতে দমন করবো। গতকাল (২৬ মে রোববার) রাজধানীর কৃষিবিদ ইনস্টিটিউট মিলনায়তনে দুস্থ ও অসহায় মানুষের মাঝে ঈদবস্ত্র বিতরণকালে তিনি এসব কথা বলেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ.৩,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.৩,ক.৫)।

সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** দক্ষিণাঞ্চলের নৌপথের অনেক স্থান ঝুঁকিপূর্ণ উল্লেখ করে এ ব্যাপারে দৃষ্টি দেওয়ার সুপারিশ।

খ. **ভোরের কাগজ :** দেশের নদীগুলোতে বছরে ৩ কোটি ৫০ লাখ টন ময়লা-আবর্জনা এবং রাসায়নিক বর্জ্য পলি হিসেবে নদীর তলদেশে জমা হচ্ছে এ তথ্যে উদ্বেগ প্রকাশ করে সঠিকভাবে বর্জ্য ব্যবস্থাপনা গড়ে তোলার পাশাপাশি নদীতে-বর্জ্য ফেলা বন্ধ করার আহ্বান।

গ. **যুগান্তর :** প্রধানমন্ত্রী শেখ হাসিনা দ্বিতীয় মেঘনা ও গোমতী সেতুসহ ৮টি উন্নয়ন প্রকল্প উদ্বোধন করেছেন উল্লেখ করে মেঘনা গোমতীর মতো অন্যান্য প্রকল্পও যেন নিদিষ্ট সময় ও ব্যয়ের মধ্যে শেষ করা যায় তা নিশ্চিত করার সুপারিশ।

ঘ. **সংবাদ :** দুই বছর বন্ধ থাকার পর ঢাকা-নারায়ণগঞ্জ পথে আবার বিআরটিসির এসি বাস চালু হয়েছে উল্লেখ করে এটি যাতে কার্যকর থাকে তা নিশ্চিত করার ওপর গুরুত্বারোপ।

ঙ. **যায়যায়দিন :** বাংলাদেশের মোট জনসংখ্যার ৩০ শতাংশের কাছাকাছি মানুষ বিভিন্ন ধরনের থাইরয়েড সমস্যায় আক্রান্ত এ তথ্যে উদ্বেগ প্রকাশ করে এ রোগ নিরাময়ে প্রয়োজনীয় সব ধরনের পদক্ষেপ নিশ্চিত করার সুপারিশ।

চ. **নিউ এজ :** ডাক্তারের ব্যবস্থাপত্র ছাড়া অ্যান্টিবায়োটিকের বিক্রি ও ব্যবহার বন্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি।

ছ. **ঢাকা ট্রিবিউন :** প্রবাসী বাংলাদেশিদের পাঠানো রেমিট্যান্স আমাদের অর্থনীতিতে অবদান রাখছে উল্লেখ করে অভিবাসীদের নিরাপত্তায় যথাযথ পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

উপসম্পাদকীয়

যুগান্তর পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, প্রাক বাজেট আলোচনা শুধু বাজেট মৌসুমে সীমাবদ্ধ না রেখে সারা বছরে তা পরিব্যাপ্ত হওয়া উচিত।

নিবন্ধ ও ফিচার

ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত **'জলবায়ু পরিবর্তন মোকাবিলায় সবুজ আন্দোলন'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, বাংলাদেশের প্রেক্ষাপটে জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবিলার সর্বোত্তম উপায় হতে পারে বৃক্ষরোপনের মাধ্যমে সবুজ আন্দোলন।

#

ডালিয়া/মরজিনা/সাঈদা/রশীদ/মাসুম/২০১৮/৯.০০ঘন্টা